



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
গবেষণা ও প্রকাশনা শাখা



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী

সভাপতি সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া
অতিরিক্ত মহাপরিচালক

সভার তারিখ ৩০ নভেম্বর, ২০২১ (মঙ্গলবার)

সভার সময় সকাল ১১.০০ ঘটিকা

স্থান জুম অনলাইন প্ল্যাটফর্ম

উপস্থিতি

জনাব সায়মা আফরোজ ((যুগ্ম সচিব) প্রধান প্রশিক্ষক-১) এনএপিডি), ড. মোঃ নুরুজ্জামান (পরিচালক, গবেষণা ও প্রকাশনা) এনএপিডি, প্রকৌঃ মোঃ আবদুর রশিদ (পরিচালক, প্রশাসন ও অর্থ) এনএপিডি, জনাব মোহাম্মদ হাসান তারিক (পরিচালক, প্রশিক্ষণ) এনএপিডি, জনাব মঈনুদ্দিন আহমদ (ডেপুটি জেনারেল ম্যানেজার, জিটিসিএল), জনাব মোঃ ইমামুল হক (ডেপুটি জেনারেল ম্যানেজার, বোর্ড ডিভিশন, জিটিসিএল), জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী, উপ-পরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট (অ.দা.) এনএপিডি, জনাব মাহমুদ হাসান (বাংলাদেশ কোস্ট গার্ড), জনাব মোঃ মহিউদ্দিন মিয়া (সিনিয়র অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, পরিকল্পনা বিভাগ), জনাব মোঃ রফিকুল ইসলাম (সিনিয়র অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, পরিকল্পনা বিভাগ), জনাব মোহাম্মদ সাইফুদ্দিন (উপ-ব্যবস্থাপক, পেট্রোবাংলা), জনাব মির্জা নূর ইসলাম (সহকারী পরিচালক) এনএপিডি, জনাব মোঃ নূরুল আমিন (সহকারী প্রোগ্রামার) এনএপিডি, জনাব দীপায়ন চক্রবর্তী পার্থ (গবেষণা কর্মকর্তা) এনএপিডি, জনাব এ.এস.এম লুৎফুল হাবিব (গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ), জনাব মোঃ বোরহান উদ্দিন (সহকারী প্রকৌশলী, ঢাকা ওয়াসা), জনাব মোঃ আহসান হাবিব (সিইও, বিডিইনফোটেক), জনাব কপিল হালদার সজল (সিইও, মেসার্স বিএসএইচ ইন্টারন্যাশনাল)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় সূচনা বক্তব্য প্রদান করেন। এরপর একাডেমির উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় -

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	কার্যবিবরণী দৃষ্টিকরণ	গত ২৬ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২০-২০২১ অর্থবছরের অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী প্রেরণের পর কোনো সংশোধনী পাওয়া যায়নি। দৃষ্টিকরণ করা যেতে পারে।	কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হলো।	

২.	সিটিজেন চার্টারের কার্যক্রম পরিবীক্ষণ	একাডেমির সিটিজেন চার্টারে উল্লিখিত সময়সীমার মধ্যে সকল সেবা প্রদান করা হচ্ছে কি-না তা ইতোপূর্বে গঠিত পরিবীক্ষণ কমিটির মাধ্যমে নিয়মিত পরিবীক্ষণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। সেবা প্রদানের নির্ধারিত সময়সীমা বাস্তবভিত্তিক কি-না তা পর্যালোচনা করে প্রয়োজন অনুযায়ী উক্ত সময়সীমা পুনর্নির্ধারণ করা যেতে পারে। সচিবালয় নির্দেশমালা অনুসরণে সেবা প্রদানের জন্য নির্ধারিত ফরমেটে চাহিতব্য সেবা প্রদান বিষয়ে বা সেবা প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় তথ্যাদি সেবা গ্রহীতাকে চিঠি/ টেলিফোন/ ইমেইল/ এসএমএস-এর মাধ্যমে জানানো যেতে পারে। নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা না গেলে দুঃখ প্রকাশ করে তা চাহিদাকারীকে জানানো যেতে পারে। যে উদ্দেশ্য নিয়ে সিটিজেন চার্টার তৈরি করা হয় তা নিশ্চিত করা প্রয়োজন।	প্রতি ০১ মাস পর পর নির্ধারিত ছকে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন করতে হবে এবং মাসিক সমন্বয় সভার মাধ্যমে অবহিত করতে হবে। পূর্বে গঠিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট পরিবীক্ষণ কমিটি সিটিজেন চার্টারে উল্লিখিত সময়সীমার মধ্যে সকল সেবা প্রদান করা হচ্ছে কি-না তা নিয়মিত পরিবীক্ষণ করবেন। ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার হালনাগাদ করে কমিটি তা পরিকল্পনা বিভাগে প্রেরণ করবেন।	পরিচালক (গবেষণা ও প্রকাশনা), পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশিক্ষণ) এবং পরিবীক্ষণ কমিটির সদস্যবৃন্দ।
৩.	সেবাগ্রহিতাদের জন্য দৃষ্টিগোচর স্থানে সিটিজেন চার্টার প্রদর্শন ও ফ্ল্যাপ তৈরি	একাডেমির লবিতে পিভিসি ব্যানারের মাধ্যমে সিটিজেনস চার্টার প্রদর্শনের ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়া একাডেমির লবিতে সদ্য স্থাপিত KIOSK মেশিন-এ সিটিজেন চার্টার প্রদর্শন করার বিষয়ে আলোচনা হয়। একাডেমির পরিচালক (প্রশাসন ও অর্থ) ২০২১-২২ অর্থবছরের অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিতব্য দ্বিতীয় সভার পর সিটিজেন চার্টারের ফ্ল্যাপ তৈরি করে অংশীজনের মাঝে বিতরণ করার প্রস্তাব দেন।	এনএপিডির সিটিজেন চার্টার লবিতে ডিজিটাল ডিসপ্লে মাধ্যমে প্রদর্শন অব্যাহত রাখতে হবে। ২০২২ সালের এপ্রিল মাসের মধ্যে সিটিজেনস চার্টারের ফ্ল্যাপ তৈরি করতে হবে।	পরিচালক (প্রশাসন)

০২। সভাপতি একাডেমির সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে গৃহিত সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান।

০৩। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া
অতিরিক্ত মহাপরিচালক

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৯.০৫.০০২.২১.৮৫

তারিখ: ১৭ অগ্রহাষণ ১৪২৮
০২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) কর্মকর্তা (সকল), এনএপিডি।
- ২) মহাপরিচালকের স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
- ৩) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)



দীপায়ন চক্রবর্তী পাঠ
গবেষণা কর্মকর্তা-১